১৯/১১/২০০১

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ....



*গতকাল রোববার ছাত্রনেতা নাসির উদ্দিন পিন্টু সংসদ সদস্য হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংবর্ধনা প্রদান করা হয়। তাকে ফুলের তোড়া দিচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী বদরুদ্দোজা চৌধুরী —সংবাদ*

### পিন্টুর সংবর্ধনা সভায় পররাষ্ট্রমন্ত্রী

# হত্যা আর রক্তপাত দিয়ে ছাত্র রাজনীতি হতে পারে না

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** পররাষ্ট্রমন্ত্রী অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরী বলেছেন, হত্যা আর রক্তপাত দিয়ে ছাত্র রাজনীতি হতে পারে না।

গতকাল রোববার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় ছাত্রদল কেন্দ্রীয় সংসদ আয়োজিত ছাত্রদল সভাপতি নাসির উদ্দিন আহমেদ পিন্টু এমপির ছাত্র গণসংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সংসদ সদস্য নির্বাচিত হওয়ায় তাকে এ সংবর্ধনা ছাত্রদলের পক্ষ থেকে দেয়া হয়।

অনুষ্ঠানে বদরুদ্দোজা চৌধুরী পিন্টুকে উপদেশ দিতে গিয়ে বলেন, সংসদে এমন কোন বক্তব্য দেয়া যাবে না যা ক্ষতিকর। ছাত্রদল সভাপতি আর সংসদ সদস্য এক নয়। সংসদে মাত্র কয়েক মিনিট বক্তব্য দেয়ার সুযোগ থাকে। এখানে চিৎকার করে কোন কাজ হয় না। সংসদ সদস্যকে জাতীয় ও আন্তর্জাতিক চিন্তাচেতনা ধারণ করতে হবে। সংসদের আইনকানুন মানতে হবে।

ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর এলাহীর সভাপতিত্বে এ সংবর্ধনা অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন যোগাযোগমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ প্রতিমন্ত্রী আমান উল্লাহ আমান, শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন, মেজর (অব.) আবদুল মান্নান এমপি, ফজলুল হক মিলন এমপি, নাজিমউদ্দিন আলম এমপি, খায়রুল কবীর খোকন, শহিদউদ্দিন চৌধুরী এ্যানি এমপি, নাসির উদ্দিন আহমেদ পিন্টু এমপি, মনির হোসেন, সাগির আহমেদ, মামুন হাসান, রেহানা আক্তার রানু প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন এবিএম মোশাররফ হোসেন।

সংবর্ধনা অনুষ্ঠানে নাজমুল হুদা বলেন, ছাত্র রাজনীতি আর দেশ পরিচালনা করতে হলে পড়াশোনা করতে হবে। পড়াশোনা ছাড়া দেশ পরিচালনা করা কোনভাবেই সম্ভব নয়।

আমান উল্লাহ আমান বলেন, ছাত্রদলের ইতিহাস স্বৈরাচারমুক্ত করার ইতিহাস, গণতন্ত্র পুনরুদ্ধারের ইতিহাস। আজ দীর্ঘ পাঁচ বছর পর আবার সেই অবস্থা ফিরে এসেছে। তিনি ছাত্রদলের নেতা-কর্মীদেরকে সকল সন্ত্রাস বন্ধ রাখার কথা বলতে গিয়ে বলেন, '৯১ থেকে '৯৬-এর বিএনপি আর ২০০১ থেকে ২০০৬-এর বিএনপি এক নয়। কেউ সন্ত্রাস করলে কঠোরভাবে তা দমন করা হবে।

সংবর্ধনা অনুষ্ঠানে ছাত্রদলের বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ পিন্টুকে ফুল দিয়ে অভিনন্দিত করেন। সংবর্ধনা অনুষ্ঠানশেষে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।